# Times Today BD

এসকে সোহেল | দেশজুড়ে | 07 April, 2025

বাগেরহাটের চিতলমারীতে মাইশা টাওয়ার নামের একটি ভবনে ভয়াবহ অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে।আগুনে এক নারীর মৃত্যু হয়েছে।সোমবার (০৭ মার্চ) সকাল ১০টার দিকে চিতলমারী উপজেলা সদরে এই অগ্নিকান্ডের ঘটনা ঘটে। খবর পেয়ে ফায়ার সার্ভিস, স্থানীয় বাসিন্দা, সেনাবাহিনীর সদস্যরা অগ্নি নির্বাপন ও উদ্ধার কাজে অংশ নেয়।উদ্ধার কাজে অংশ নিয়ে অনিক নামের এক ফায়ার সার্ভিস সদস্য আহত হয়েছেন।

৫তলা বিশিষ্ট ভবনটিতে সোনালী ব্যাংক, কৃষি ব্যাংক, ব্যাংক এশিয়াসহ চারটি ব্যাংকের শাখা, বিভিন্ন কোম্পানির শোরুম, ৫ তলায় একটি বাসাবাড়ি রয়েছে।আগুনে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে।

ব্যাংকগুলো মোটামুটি অক্ষত রয়েছে। এক  নারীর মৃত্যু হয়েছে। এটা ধোয়ার কারণে হতে পারে। আগুন নির্বাপন ও উদ্ধার কাজে সেনাবাহিনী, পুলিশ, ফায়ার সার্ভিস ও স্থানীয় বাসিন্দারা কাজ করছে। ক্ষয়ক্ষতির পরিমান পরে জানানো হবে।

চিতলমারী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এস এম শাহাদাৎ হোসেন ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, আগুনের ঘটনায় আতঙ্কিত হয়ে পাঁচতলা থেকে নেমে আসার সময় এক নারী নিচে পড়ে যান এবং ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।এখনো পর্যন্ত তার পরিচয় শনাক্ত করা যায়নি।

বাগেরহাটের জেলা প্রশাসক আহমেদ কামরুল আহসান বলেন, আমি ঘটনাস্থলে রয়েছি।আগুন এখন নিয়ন্ত্রনে রয়েছে।

বাগেরহাট অগ্নিকান্ড ফায়ার সার্ভিস

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 21:48

URL: https://www.timestodaybd.com/across-the-country/433775807